



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০



স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০২.০২.০৩৬.২৪-২২৬৬

তারিখ: ২৭-০৭-২০২৫ খ্রি.
১২-০৪-১৪৩২ বাং

প্রেরক: মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ), জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস, মিশনের নিবন্ধন অফিস সমূহের জন্য ২০২৫-২৬ অর্থবছরে '৩২৫৫১০৫' কোডের অর্থ ছাড়করণ।

মহোদয়,

২০২৫-২৬ অর্থ বছরে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন অন্যান্য মনিহারি খাতে (১৩৭০৫০১-১৩৭৯৫৬-৩২৫৫১০৫ কোডে) ২০,০০,০০,০০০/- (বিশ কোটি টাকা মাত্র) বরাদ্দ দেয়া হয়েছে। এ বরাদ্দ হতে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন, দূতাবাসসমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজের ব্যয় নির্বাহের জন্য নিম্নে বর্ণিত শর্তে ২০,০০,০০০/- (বিশ লক্ষ টাকা মাত্র) সরকারি মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

শর্তাবলি:

- উপবরাদ্দকৃত অর্থ বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন, দূতাবাসসমূহে (যে সকল দেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম চলমান আছে) অবস্থানরত বাংলাদেশী জনসংখ্যা বা মিশন, দূতাবাসসমূহে সম্পাদিত নিবন্ধন (জন্ম ও মৃত্যু) সংখ্যার আনুপাতিক হার অনুযায়ী বিভাজন করে পররাষ্ট্র মন্ত্রণালয় পুণঃ বরাদ্দ প্রদান করবে।
- উপবরাদ্দ অনুযায়ী ব্যয় করে ব্যয়ের হিসাব ১৩৭০৫০১-১৩৭৯৫৬-৩২৫৫১০৫ কোডে হিসাবভুক্ত করে সিএও/পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- এ অর্থ জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যয় করতে হবে;
- এ ব্যয় রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর জন্য ১৩৭০৫০১-১৩৭৯৫৬-৩২৫৫১০৫ কোডে রক্ষিত চলতি (২০২৫-২৬) অর্থ বৎসরের বাজেট বরাদ্দ হতে বহন করা হবে। নিবন্ধন অফিস জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজের বিপরীতে এই অর্থ ব্যয় করবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- মঞ্জুরীকৃত অর্থের ব্যয় বিবরণী এ অফিসে প্রেরণ করতে হবে;
- মঞ্জুরীকৃত অর্থের প্রাপ্তি স্বীকার পত্র এ অফিসে প্রেরণ করতে হবে।

২৭/০৭/২৫

মো. আখতার জামিল
সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২-৪১০৫২২৬৩
ই-মেইল: arg.admin@orgbdr.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
(সংশ্লিষ্ট দূতাবাস, মিশনের অনুকূলে বিভাজন করে উপ-বরাদ্দ প্রদান করার জন্য অনুরোধসহ)।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেল কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন [রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব) মহোদয়ের অবগতির জন্য]।
- হিসাবরক্ষক, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।

ই-মেইল: bdrinfo@orgbdr.gov.bd, ওয়েবসাইট: www.orgbdr.gov.bd